



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



নম্বর : ৮০.০০.০০০০.১০১.১১.০০১.২২-৩২৭

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩৩
০৮ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তরের 'উপসহকারী প্রকৌশলী (ই/এম)' (১০ম গ্রেড) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার কেন্দ্র, আসন বিন্যাস ও সময়সূচি এবং পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তরের 'উপসহকারী প্রকৌশলী (ই/এম)' (১০ম গ্রেড) [বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৬৮ বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২০২৫] পদের বাছাই (MCQ type) পরীক্ষায় উত্তীর্ণ ১৫৭৫ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নোক্ত তারিখে, বর্ণিত কেন্দ্র, আসন বিন্যাস ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :


লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	মূল টেকনোলজি ও ইমার্জিং টেকনোলজিসমূহ	রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা
২১.০৯.২০২৬ (সোমবার) দুপুর ১২:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।	Electrical Technology (24)	000021-800609 = ১০৯৪ জন
		Electromedical Technology (25)	003145-009511 = ০৪ জন
		Electronics Technology (26)	000159-800295 = ৩৪ জন
		Instrumentation & Process Control Technology (31)	006324-009296 = ০৪ জন
		Telecommunication Technology (41)	000096 = ০১ জন
	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [মাল্টিপারপাস হলরুম]	Mechanical Technology (32)	000041-800496 = ২৯৫ জন
		Power Technology (36)	000036-004451 = ৫৫ জন
	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [ভল্টরুম-২ এর সামনে]	Power Technology (36)	004475-800220 = ৭৯ জন
		Mechatronics Technology (34)	000673-200285 = ০৩ জন
		Refrigeration & Air Conditioning Technology (38)	001538-007759 = ০৫ জন

লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

- লিখিত পরীক্ষার জন্য নতুন করে কোনো প্রবেশপত্র জারি করা হবে না। প্রার্থীগণ বাছাই পরীক্ষার প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ক্রমশ : ০২

৩. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ০২ ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
৪. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে।
৫. পরীক্ষার্থীদের বাংলা-৪০ ইংরেজি-৪০ সাধারণ জ্ঞান-৪০ এবং প্রসঙ্গিক টেকনিক্যাল (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং)-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টা সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি ভিন্ন ভিন্ন উত্তরপত্র প্রদান করা হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয় কোড অবশ্যই লিখতে হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় অংশে কিছু লিখবেন না; লিখলে উত্তরপত্র বাতিল হবে।
৬. হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. ভুঁয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে।
৮. পরীক্ষার কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, মানি ব্যাগ (Wallet), যেকোনো ধরনের হাতঘড়ি, মোবাইল ফোন, যেকোনো ধরনের অলংকার (Ornaments), সানগ্লাস জাতীয় চশমা, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও ব্যাংক কার্ড সদৃশ্য যে কোনো বস্তু বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. পরীক্ষার সময় প্রার্থীরা কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না; কান খোলা রাখতে হবে।
১০. পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
১১. **প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ১৫.০৯.২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১ বরাবর ২ কপি রঙিন ছবি ও প্রতিবন্ধিতার স্বপক্ষে সমাজসেবা অধিদপ্তর থেকে প্রদত্ত সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।**
১২. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখকে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখকে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।
১৩. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।
১৪. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।


মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)